গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০১.২০১৫-৮৭৩ তারিখঃ ১০-০৯-২০১৭ খ্রিঃ

পরিপত্র

বিষয়ঃ সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতালের অনুকূলে ৪৮৬৮ (চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ) কোডে বরাদ্দকৃত অর্থ বন্টণ হার পুনঃনির্ধারণ।

দেশের সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল, জেলা ও জেনারেল হাসপাতাল, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সসহ অন্যান্য স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে সচিবালয় অংশে বরাদ্দকৃত অর্থ, অনুমোদিত বাজেটে প্রাতিষ্ঠানিক কোডে প্রাপ্ত বরাদ্দ এবং স্বাস্থ্য অধিদপ্তর প্রদত্ত ৪৮৬৮ (চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ) কোডের বরাদ্দ দ্বারা মেডিকেল এন্ড সার্জিক্যাল রিক্যুইজিটস (এমএসআর) সংগ্রহের লক্ষ্যে অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিম্নোক্ত খাতওয়ারী বন্টণ হার পুনঃনির্ধারণ করা হ'লঃ

(ক) মেডিকেল কলেজ এবং বিশেষায়িত হাসপাতালঃ

ক্রমিক নং	বিভাজনের খাত	অনুমোদিত হার
১	ঔষধ (আইভি ফ্লুইড, দন্ত চিকিৎসার উপকরণসহ)	৫০%
২	এমএসআর যন্ত্রপাতি ক্রয়	১৩%
৩	গজ, ব্যান্ডেজ, তুলা ইত্যাদি	৮%
৪	লিনেন	৮%
৫	এমএসআর যন্ত্রপাতি মেরামত	৪%
৬	কেমিক্যাল রি-এজেন্ট (এক্সরে ফিল্ম, ইসিজি পেপারসহ)	৫%
৭	অক্সিজেন ও অন্যান্য গ্যাস সরবরাহ	৫%
৮	আসবাবপত্র	২%
৯	সংগ্রহ ও সরবরাহ	১%
১০	প্রয়োজনীয়তা অনুসারে এমএসআর নির্বাচনী কমিটি ব্যয় করবে	৪%
		১০০%

(খ) জেলা ও জেনারেল হাসপাতালঃ

ক্রমিক নং	বিভাজনের খাত	অনুমোদিত হার
১	ঔষধ (আইভি ফ্লুইড, দন্ত চিকিৎসার উপকরণসহ)	৬৫%
২	এমএসআর যন্ত্রপাতি ক্রয়	১২%
৩	গজ, ব্যান্ডেজ, তুলা ইত্যাদি	৫%
৪	লিনেন	৫%
৫	এমএসআর যন্ত্রপাতি মেরামত	২%
৬	কেমিক্যাল রি-এজেন্ট (এক্সরে ফিল্ম, ইসিজি পেপারসহ)	৩%
৭	অক্সিজেন ও অন্যান্য গ্যাস সরবরাহ	৩%
৮	আসবাবপত্র	২%
৯	সংগ্রহ ও সরবরাহ	১%
১০	প্রয়োজনীয়তা অনুসারে এমএসআর নির্বাচনী কমিটি ব্যয় করবে	২%
		১০০%

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

(গ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও তদনিম্ন পর্যায়ের হাসপাতালসহ অন্যান্য হাসপাতালঃ

ক্রমিক নং	বিভাজনের খাত	অনুমোদিত হার
১	ঔষধ (আইভি ফ্লুইড, দন্ত চিকিৎসার উপকরণসহ)	৭০%
২	এমএসআর যন্ত্রপাতি ক্রয়	১০%
৩	গজ, ব্যান্ডেজ, তুলা ইত্যাদি	৫%
৪	লিনেন	৫%
৫	এমএসআর যন্ত্রপাতি মেরামত	২%
৬	কেমিক্যাল রি-এজেন্ট (এক্সরে ফিল্ম, ইসিজি পেপারসহ)	২%
৭	অক্সিজেন ও অন্যান্য গ্যাস সরবরাহ	১%
৮	আসবাবপত্র	২%
৯	সংগ্রহ ও সরবরাহ	১%
১০	প্রয়োজনীয়তা অনুসারে এমএসআর নির্বাচনী কমিটি ব্যয় করবে	২%
		১০০%

০২। অনুমোদিত বিভাজন হার এলাকাভিত্তিক চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে অর্থ ছাড়কারী কর্তৃপক্ষ পুনঃউপযোজন প্রস্তাব অনুমোদন করবে। অনুমোদিত বাজেটে প্রাতিষ্ঠানিক কোডে প্রাপ্ত বরাদ্দ পুনঃউপযোজনের ক্ষেত্রে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

০৩। এতদ্বারা গত ২৯-০৯-১৯৯৪ তারিখের হাস-২/বিবিধ-২৩৭/৯৪/৩১২ সংখ্যক অফিস আদেশ এবং গত ২১-০৪-২০১৪ তারিখের ৪৫.১৫৫.০৫৬.০০.০০.০০১.২০১০-২৪৯ সংখ্যক পত্রটি বাতিল করা হ'ল।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ পরিপত্র ২০১৭-২০১৮ অর্থ বছর থেকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কার্যকর থাকবে।

(রেহানা ইয়াছমিন)
উপ সচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯
sashosp2@mohfw.gov.bd

বিতরণ জ্যেষ্ঠতার ভিত্তিতে নহেঃ

১। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক(অর্থ/হাসপাতাল ও ক্লিনিকসমূহ) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
৪। পরিচালক মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)------------------------------
৫। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)------------------------------
৬। উপসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)------------------------------
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)--------------
৯। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০১.২০১৫-৮৭৪ তারিখঃ-১০-০৯-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থবছরে সচিবালয় অংশে ৪৮৬৮ (চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ) কোডের অর্থ বরাদ্দের গাইডলাইন।

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সচিবালয় অংশে রাজস্ব বাজেটে ২০১৭-২০১৮ অর্থবছরে ৪৮৬৮ (চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ) কোডের অর্থ বরাদ্দ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত গাইডলাইন প্রণয়ন করা হ'লঃ

১.১. ২০১৭-২০১৮ অর্থবছরে ৪৮৬৮ কোডে (চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ) প্রাপ্ত বরাদ্দের কম/বেশী ৮০% অর্থ স্বাস্থ্য অধিদপ্তর প্রকাশিত স্বাস্থ্য বুলেটিন, ২০১৬-এ উদ্ধৃত শয্যা সংখ্যা ব্যবহারের প্রকৃত হার অনুযায়ী ১ম পর্যায়ে বরাদ্দ প্রদান করা হবে। এ অর্থ এমএসআর, কেমিক্যাল রি-এজেন্ট ও অক্সিজেনসহ অন্যান্য সামগ্রী সংগ্রহের জন্য ছাড় করা হবে।

১.২. অবশিষ্ট ১৫% অর্থ বিভিন্ন সরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের শয্যা সংখ্যা ব্যবহারের হার, প্রাকৃতিক দুর্যোগ বা আপৎকালীন প্রয়োজন/চাহিদার ভিত্তিতে জানুয়ারী' ২০১৮ মাসে ছাড় করা হবে এবং ৫% অর্থ জরুরি পরিস্থিতি মোকাবেলার জন্য সংরক্ষণ করা হবে।

১.৩. অনুমোদিত বিভাজন হার এলাকাভিত্তিক চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ না হলে বরাদ্দ প্রাপ্তির ৬০(ষাট) কর্ম দিবসের মধ্যে পুনঃউপযোজন প্রস্তাব প্রেরণ নিশ্চিত করতে হবে। বিশেষ করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিভিল সার্জনগণ আবশ্যিকভাবে প্রয়োজনীয়তা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করবেন।

১.৪. সকল সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতালের প্রাতিষ্ঠানিক কোডে প্রাপ্ত বরাদ্দ, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জেলা/জেনারেল হাসপাতাল এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বা তদনিম্ন পর্যায়ের অন্যান্য হাসপাতালের অনুকূলে বরাদ্দকৃত অর্থ এবং সচিবালয় অংশে ৪৮৬৮ কোডে বরাদ্দকৃত অর্থ দ্বারা এমএসআর সামগ্রী ক্রয়ের লক্ষ্যে ১০-০৯-২০১৭ তারিখের ৪৫.১৫৫.১১৪.০০.০০.০০১.২০১৫-৮৭৩ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।

২.০০ ৪৮৬৮ কোডে এমএসআর, কেমিক্যাল রি-এজেন্ট ও অক্সিজেন ও অন্যান্য গ্যাস সরবরাহ খাতে শয্যা প্রতি নিম্নোক্ত বরাদ্দ হার নির্ধারণ করা হ'লঃ

ক্রমিক নং	হাসপাতালের ক্যাটাগরী	২০১৭-২০১৮ এমএসআর খাতে শয্যাপ্রতি বরাদ্দের হার	২০১৭-২০১৮ কেমিক্যাল রি-এজেন্ট খাতে শয্যা প্রতি বরাদ্দের হার	২০১৭-২০১৮ অক্সিজেন ও অন্যান্য গ্যাস সরবরাহ খাতে শয্যা প্রতি বরাদ্দের হার
১	৫০০ এর অধিক শয্যাবিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল	২২,০০০/-	১৬,০০০/-	৬,০০০/-
২	৫০০ শয্যাবিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল	২০,০০০/-	১৫,০০০/-	৬,০০০/-
৩	বিশেষায়িত হাসপাতাল	২০,০০০/-	১০,০০০/-	৬,০০০/-
৪	জেলা হাসপাতাল	১৬,০০০/-	৮,০০০/-	৪,০০০/-
৫	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ হাসপাতাল	১১,০০০/-	৪,০০০/-	৫০০/-
৬	অন্যান্য হাসপাতাল	৫,০০০/-	৩,০০০/-	৫০০/-

১০/৯/২০১৭

(রেহানা ইয়াছমিন)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

D:\from E\Letter of minites

স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০০১.২০১৫-৮৭৪/(১০) তারিখঃ-১০-০৯-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক(অর্থ/হাসপাতাল ও ক্লিনিকসমূহ) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ঢাকা।
৪। পরিচালক মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)-------------------------------
৫। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)-------------------------------
৬। উপসচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭। সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)--------------------------------
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)--------------
৯। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(রেহানা ইয়াছমিন)
উপসচিব

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।